

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০৮.২২.১৯৬১

তারিখ: ৭ পৌষ ১৪২৯

২২ ডিসেম্বর ২০২২

বিষয়: ভারত থেকে মুররা জাতের ১৪৯টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ এবং ১০টি ষাঁড় মহিষ আমদানীর
অনুমতি প্রদান সংক্রান্ত।

- সূত্র: (১) প্রকল্প পরিচালক, মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর পত্র নং ৪১১ তারিখ: ০১/১২/২০২০খি।।
(২) জেনটেক ইন্টারন্যাশনাল লি. এর ০৯/১১/২০২২ খি. তারিখের পত্র।
(৩) মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর পত্র নং ৫৫১, তারিখ: ২৮/০৭/২০২২খি।।
(৪) প্রকল্প পরিচালক, মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর পত্র নং ৪৩ তারিখ: ২০/০১/২০২০খি।।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আমদানী নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (২৯), পশুরোগ আইন-২০০৫ এর
সংশ্লিষ্ট ধারা এবং পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ অনুসরণপূর্বক মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) শীর্ষক
প্রকল্পের আওতায় সংযুক্ত তালিকায় বর্ণিত (পরিশিষ্ট-ক) মুররা জাতের ১৪৯টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ
নিম্নোক্ত শর্তসাপেক্ষে জেনটেক ইন্টারন্যাশনাল লি.-কে বিদেশ থেকে আমদানী করার জন্য অনুমতি প্রদান করা হলো:

শর্তাবলী:

০১। WOAHH Guideline এবং বাংলাদেশ Animal Disease Act-2005 & Animal Disease
Rule-2008 অনুযায়ী আমদানিতব্য মুররাহ জাতের ১৪৯ টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ TB,
Brucellosis, Leptospirosis, BVD, Aspergillosis সহ অন্যান্য Contagious Disease
এবং Abnormalities মুক্তমর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত Health Certificate
আমদানিকালীন সময়ে প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন বেনাপোল যশোর-এ দাখিল করতে হবে।

০২। আমদানিতব্য ১৪৯টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ Tick & Mite মুক্ত হতে হবে।

০৩। আমদানিতব্য ১৪৯টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ এর Ear Tag/UID নম্বর
ANNAXURE-A তে বর্ণিত নম্বরের সাথে মিল থাকতে হবে এবং কোয়ারেন্টাইনের সময় কোয়ারেন্টাইন কর্তৃপক্ষের
নিকট তা নিশ্চিত করতে হবে।

০৪। Shipment এর পূর্বে আমদানিতব্য মুররাহ জাতের ১৪৯টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ রোগমুক্ত
মর্মে রপ্তানিকারক দেশের কর্তৃপক্ষ কর্তৃক কোয়ারেন্টাইন সার্টিফিকেট অফিসার-ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন,
বেনাপোল স্থল বন্দর, যশোর এর নিকট দাখিল করতে হবে এবং আমদানিতব্য মুররাহ জাতের ১৪৯ টি বাছুরসহ দুগ্ধবতী
মহিষ ও ১০টি ষাঁড় মহিষ আমদানির পর আমদানিকারকের খরচে ও তত্ত্বাবধানে কোয়ারেন্টাইন আইন-২০০৫ এর ৬ নং
আইন অনুযায়ী কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৫। কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পাদনের পর স্থানীয় সরকারী ভেটেরিনারিয়ান কর্তৃক রোগমুক্ত সনদ অধিদপ্তরে দাখিল
করতে হবে। যদি কোয়ারেন্টাইনের সময় কোন মুররাহ জাতের ১৪৯ টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ)
রোগাক্রান্ত বলে সনাক্ত হয়, তবে আমদানিকারক নিজ খরচে কোয়ারেন্টাইন আইনের ধারা ১০ অনুযায়ী ব্যবস্থা নিবেন।

০৬। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।

০৭। মুররাহ জাতের ১৪৯ টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট কর্মকর্তা

ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে প্রাণিগুলির সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন।

০৮। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। এ আদেশ সূত্রোক্ত ২নং ক্রমিকে বর্ণিত কার্যাদেশের সময় সীমা পর্যন্ত বলবৎ থাকবে।

২২-১২-২০২২

ডাঃ পল্লব কুমার দত্ত

উপপরিচালক

জেনটেক ইন্টারন্যাশনাল লি:

৮৬, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০৮.২২.১৯৬১/১(৬)

তারিখ: ৭ পৌষ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর
- ২) কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল স্থল বন্দর, যশোর।
- ৩) প্রকল্প পরিচালক, মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৪) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর।
- ৫) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬) অফিসার-ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, বেনাপোল স্থল বন্দর, যশোর।

২২-১২-২০২২

ডাঃ পল্লব কুমার দত্ত

উপপরিচালক